

উপস্থিত :-

মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

আদেশ নং-৫৮

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ১৮/১০/২০২২ ইং

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্ণিত নালিশী সম্পত্তিতে স্বত্ত্ব ঘোষনা ও খাস দখলের ডিক্রীর প্রার্থনায় ১-২৪ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-২৪ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২৭/০৮/২০১৯ ইং তারিখের ৩৯ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে আবদুল হক মাঝি **P.W.-1** ও আকরাম আলী **P.W.2** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্যবর্ণিত কাগজাদি দাখিল করেন।

১। আর .এস ১৩৩৪ নং খতিয়ানের সি.সি এবং বি এস ১৯০ নং খতিয়ানের সি.সি প্রদ-  
১ সিরিজ

২। বিগত ২৫/০৩/১৯৮০ ইং তারিখের ৪৮৪৩ নং দলিলের সি.সি প্রদর্শনী- ২

৩। ১৮/০৪/১৯৯৬ ইং তারিখের ১৮২৪ নং দলিলের সি.সি প্রদ- ৩

আবদুল হক মাঝি **P.W.-1** ও আকরাম আলী **P.W.2** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৩) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ত্ব স্বার্থ রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়। নালিশী ভূমিতে বাদীপক্ষ দখলে ছিলেন এবং তা থেকে বিবাদীপক্ষ গত ২৭/০৮/২০২০ খ্রিঃ তারিখে বাদীপক্ষ কে বেদখল করিয়াছে মর্মে দৃষ্ট হয়। এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ও খাস দখলের ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-২৪ নং  
বিবাদীপক্ষের বিরুদ্ধে একত্রফাসুত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এতদ্বারা ঘোষনা করা যাচ্ছে যে নালিশী সম্পত্তিতে বাদীপক্ষের স্বত্ত্ব ও স্বার্থ রাহিয়াছে।  
বাদীপক্ষ আরজীর তফসিল বর্ণিত চৌহদিকৃত নালিশী জমি হতে বিবাদীগণকে উচ্ছেদক্রমে  
উহার দখল পাবেন। বিবাদীগণকে অদ্য হতে ৬০ (ষাট) দিবসের মধ্যে আপসে  
বাদীপক্ষের অনুকূলে নালিশী জমির দখল অপর্ণ করতে নির্দেশ দেওয়া হলো। ব্যর্থতায়  
বাদীপক্ষ বিবাদীগণের খরচায় আদালতযোগে উহার দখল নিতে পারবেন।

আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পাটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পাটিয়া, চট্টগ্রাম